


অন্তিম 18 JAN 1987

পৃষ্ঠা 4

194



উপজেলা পরিক্রমা

বেলকুচি

।। সংবাদদাতা ।।

সিরাজগঞ্জ জেলার নিকটবর্তী উপজেলা বেলকুচি। লোক সংখ্যা ১,৮৭,৪১৪ জন। এর মধ্যে পুরুষ জনসংখ্যা ৯৮,১৪৯, মহিলা জন সংখ্যা ৮৯,২৬৫ জন। বেলকুচির গ্রামের সংখ্যা ১৫১টি। আয়তন ৬০.৭৬ বর্গমাইল। তাতশিলের জন্য বেলকুচি বিখ্যাত। ঘরে ঘরে তাতশিল বেলকুচির প্রতিষ্ঠা। কৃষি কাজের চেয়ে অত্র এলাকার মানুষ তাতশিলের উপরই বেশী নিভৱশীল। যোগাযোগ

জেলা সদরের সাথে যোগাযোগের একমাত্র রাস্তা চালা রোড। সিরাজগঞ্জ থেকে বেলকুচিগামী এই রাস্তাটির দিও সংস্কার করা হয়েছে তবুও সীমিত সংখ্যক বাসে জনসাধারণকে অতি কষ্টে যাতায়াত করতে হচ্ছে। প্রতিমাই থেকে জামতেলগামী রাস্তাটি দীর্ঘদিন অবহেলিত অবস্থায় পড়ে আছে।

কুমি

বেলকুচি উপজেলায় কুমি জমির পরিমাণ ২৬,৪৮৪ একর। অরুষি জমির পরিমাণ ১২,৪০০ একর। কুমি জমির সহায়ক যন্ত্রপাতির মধ্যে গভীর নলকৃপ রয়েছে ১টি, শ্যালো মেশিন ৩৪৮টি। বেলকুচি উপজেলার প্রধান উৎপন্ন ফসলের মধ্যে রয়েছে ধান, পাট, সরিঙ্গা, দেশাৰী, গম, রাই ইত্যাদি।

শিক্ষা প্রতিষ্ঠান

বেলকুচি উপজেলায় কলেজ ১টি, ইই স্কুল ১০টি, গালসৰ স্কুল ২টি, জুনিয়র স্কুল ৭টি, মাদ্রাসা ১৫টি, সরকারী প্রাইমারী স্কুল ৮০টি, বেসরকারী প্রাইমারী স্কুল

৬টি। অত্র উপজেলার জনসাধারণ মাদ্রাসা শিক্ষার উপর বেশী যত্নবান।

চিকিৎসা

বেলকুচি উপজেলা জেলার অন্যান্য উপজেলার চেয়ে খুবই উন্নত। ৮ জন ডাক্তার দ্বারা বেলকুচি হাসপাতালটি পরিচালিত হয়ে আসছে। হাসপাতালের পরিবেশ চমকপ্রদ। বেলকুচি হাসপাতালে X-Ray মেশিন আছে। একটি অত্যাধুনিক আস্ত্রলেন্স বেলকুচিবাসীর বিপদের বন্ধুর নাম কাজ করছে।

শিল্প প্রতিষ্ঠান

বেলকুচি উপজেলার প্রায় প্রতি ঘরে ঘরেই তাতশিল গড়ে উঠেছে। বেলকুচি উপজেলায় তাতশিলের মধ্যে রয়েছে হস্তচালিত কারখানা ৮,৫১৭টি, শাস্তিচালিত কারখানা ১০০টি। সুতা বিতরণের অনিয়ন্ত্রিত ফলে গরীব তাতীদের ভোগাস্তি পোহাতে হয়।

হাট-বাজার

বেলকুচি উপজেলায় হাট-বাজার মোট ১০টি। হাট-বাজারগুলো পরিষ্কৃত। কাপড় বিক্রি করার জন্য মুকুন্দগাঁও হাটটি বৃহৎ। বেলকুচি উপজেলার হাট-বাজারগুলোতে নিজ প্রয়োজনীয় দ্রব্যাদি পাওয়া যায়।

বিদ্যুৎ টেলিযোগাযোগ ও ডাক

নামেয়াত বিদ্যুৎ বাবসা থাকলেও অধিকাংশ সময়ই বিদ্যুৎ বিভাগ থাকে। বিদ্যুৎ বিভাগের জন্য জনসাধারণ বাবসা-বাণিজ্য থেকে খরক করে সর্বস্তরে অশান্তিতে ভুগছে। বেলকুচিতে টেলিফোন এক্সচেণ্ট রয়েছে ১টি এবং ১৫টি পোস্ট অফিস আছে।